


যুগান্তর

পাবিপ্রবির ট্রিপল-ই বিভাগের শিক্ষার্থীদের বিক্ষোভ

প্রকাশ : ২১ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 পাবনা প্রতিনিধি

ইলেকট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইটিই) বিভাগকে ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগে রূপান্তরের অপচেষ্টার প্রতিবাদে রোববার দ্বিতীয় দিনের মতো বিক্ষোভ করেছেন পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগের শিক্ষার্থীরা।

রোববার দুপুরে চোখে কালো কাপড় বেঁধে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল বের করেন ইইই শিক্ষার্থীরা।

এ সময় চতুর্থ বর্ষের দেলোয়ার হোসেন, আলামিন খান, তৃতীয় বর্ষের জান্নাতুল মাওয়া মীম, আহমেদ মুসাসহ অন্য শিক্ষার্থীরা অভিযোগ করেন, ইটিই বিভাগের শিক্ষার্থীরা মিথ্যাচার করে ইইই বিভাগ পেতে চায়। তারা বিসিএস পরীক্ষায় কোড না থাকাসহ যেসব অভিযোগ বা দাবি তুলছেন তা অযৌক্তিক। একটি কুচক্রী মহল নিজেদের স্বার্থ হাসিলের উদ্দেশ্যে ইটিই বিভাগকে ইইই-তে রূপান্তরের অপচেষ্টা করছেন।

এদিকে প্রকৌশল অনুষদের ডিন ড. শেখ রাসেল আল আহমেদ জানান, এখানে শিক্ষকদের কোনো স্বার্থ নেই। ইটিই বিভাগের শিক্ষার্থীদের যে দাবি, সেটা নিয়ে তাদের সঙ্গে শুধু কথা বলেছেন শিক্ষকরা। কিন্তু ইইই বিভাগের শিক্ষার্থীরা বিষয়টিকে ভুল বুঝে শিক্ষকদের নামে যে ভাষায় স্লোগান দিচ্ছে তা কষ্টদায়ক। শিক্ষার্থীদের এমন আচরণেরও নিন্দা জানান তিনি।

এ ব্যাপারে ভিসি প্রফেসর ড. এম রোস্তুম আলী বলেন, বিষয়টি খুব সহজ নয়। এতে উভয় বিভাগের শিক্ষক-শিক্ষার্থীদের ঐকমত্য থাকতে হবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।